যুগান্তর

07 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ও-লেভেল এ-লেভেল পরীক্ষা যথাসময়ে : ব্রিটিশ কাউন্সিল

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশে ব্রিটিশ কাউন্সিলের (বিসি) কার্যক্রম স্থায়ীভাবে বন্ধের সম্ভাবনা নেই। নিরাপত্তাগত দিক পর্যালোচনা শেষে যত দ্রুত সম্ভব সাময়িক বন্ধ অফিস খুলে দেয়া হবে। সাময়িক বন্ধকালীন দৈনন্দিন দাফতরিক কাজ অফিসের বাইরে সম্পন্ন হচ্ছে। শনিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানিয়েছে আন্তর্জাতিক ব্রিটিশ দাতব্য সংস্থাটি। এতে আইইএলটিএস, 'ও' এবং 'এ' লেভেলসহ অন্য পরীক্ষার রেজিস্ট্রেশন ও পরীক্ষার সময়সূচিও প্রকাশ করা হয়েছে।

সাময়িক বন্ধের বিষয়ে এর আগে ৪ আগস্ট সংস্থাটির হেড অব মার্কেটিং অ্যান্ড কমিউনিকেশন আর্শিয়া আজিজ যুগান্তরকে বলেন, আমাদের সিকিউরিটি টিম নিয়ে এখনও পর্যালোচনা চলছে। মূল্যায়ন প্রতিবেদন পাওয়ার পর নিরাপত্তা নিশ্চিত করা হবে। এরপর খোলার সিদ্ধান্ত আসতে পারে। সেটি কবে নাগাদ হবে, সেটা এই মুহূর্তে বলা যাচ্ছে না।

সংবাদ বিজ্ঞপ্তিতে বিসি বলেছে, বাংলাদেশে ১ লাখের বেশি পরীক্ষা পরিচালনা করে থাকে ব্রিটিশ কাউন্সিল। তারা তাদের অংশীদার ইংলিশ মিডিয়াম স্কুল, অভিভাবক এমনকি সব ও-লেভেল এবং এ-লেভেল পরীক্ষার্থীদের নিশ্চিত করে জানাতে চায়, পরীক্ষা যথাসময়ে এবং নির্ধারিত জায়গায় অনুষ্ঠিত হবে। পরীক্ষা সংক্রান্ত সব ধরনের কাজ তারা অব্যাহত রেখেছে।

আসন্ন নভেম্বরের ক্যামব্রিজ ইন্টারন্যাশনাল এক্সামিনেশনসের পরীক্ষার নিবন্ধন কার্যক্রম চলছে। নিবন্ধনের সময়সীমা বাড়িয়ে ১০ আগস্ট করা হয়েছে। স্কুলের শিক্ষার্থীরা ইউনিক স্কুল ক্যান্ডিডেট রেজিস্ট্রেশন লিংকে ■ পৃষ্ঠা ৭ : কলাম ৩

## ও-লেভেল এ-লেভেল পরীক্ষা

(৩য় পৃষ্ঠার পর)

গিয়ে নিবন্ধন করতে পারবে। প্রাইভেট প্রার্থীরা ওয়েবসাইটে (www.britishcouncil.org.bd) আবেদন করতে পারবে।

চলতি আগস্ট ও সেপ্টেম্বরে আইইএলটিএস পরীক্ষার্থীদের জন্য নিবন্ধন প্রক্রিয়া এখনও চালু আছে। আইইএলটিএস পরীক্ষর্থীদের ielts.britishcouncil.org এই সাইটে নিবন্ধন করতে হবে। নির্ধারিত তারিখেই আইইএলটিএস পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে। ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, সিলেট এবং খুলনা থেকে আইইএলটিএস পরীক্ষায় অংশ নেয়া যাবে। পরীক্ষা দেয়ার পর যে কোনো ধরনের (পরীক্ষা সংক্রান্ত) তথ্য ব্রিটিশ কাউন্সিল কাস্টমার সার্ভিসে যোগাযোগ করে পাওয়া যাবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, সাময়িকভাবে অফিস বন্ধ থাকা অবস্থায় গ্রাহকরা বিসির কাস্টমার সার্ভিসের ই-মেইল আইডিতে (bd.enquiries@britishcouncil.org) ই-মেইল করে তথ্য জানতে পারবেন। www.britishcouncil.org.bd ওয়েবসাইটটে লাইভ চ্যাট এবং ফেসবুক পেইজে সব সময় ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশ সংক্রান্ত সর্বশেষ তথ্য জানতে পারছেন। এমনকি নির্ধারিত কার্যদিবসে +৮৮ ০৯৬৬৬৭৭৩৩৭৭ নম্বরে কল করেও প্রয়োজনীয় তথ্য জানা যাবে।

এ-লেভেল, ও-লেভেল এবং আইইএলটিএস পরীক্ষা ছাড়াও ব্রিটিশ কাউন্সিলের অন্যান্য কর্পোরেট ইংলিশ কোর্স, ওয়ার্কশপ পূর্বের নির্ধারিত সময় অনুযায়ী অনুষ্ঠিত হচ্ছে। পাশাপাশি 'একটিভ সিটিজেনস ইয়ুথ লিডারশিপ ট্রেনিং প্রোগ্রাম' অব্যাহত রয়েছে। আগামী ৭ আগস্ট নির্ধারিত সময়ই যুক্তরাজ্যের ম্যানচেস্টার ইউনিভার্সিটির ২০১৬ সালের ইকুইটি এবং ম্যারিট স্কলারশিপের বিজয়ীদের জন্য ভ্রমণপূর্ব যাবতীয় বিষয় নিয়ে আলোচনার আয়োজন করা হয়েছে।

**পরীক্ষা সংক্রান্ত তথ্য :** আগামী ১৩, ২০ এবং ২৭ আগস্ট ঢাকা, চট্টগ্রাম, সিলেটে (চলতি আগস্ট মাসের) আইইএলটিএস নিবন্ধন করা যাবে। খুলনার পরীক্ষার্থীদের জন্য ২০ আগস্ট। এছাড়া সেপ্টেম্বর মাসের পরীক্ষার জন্য ঢাকা, চট্টগ্রাম এবং সিলেটের পরীক্ষার্থীরা যথাক্রমে ৩, ১৫ ও ২৫ সেপ্টেম্বর নিবন্ধন করতে পারবেন। ২৪ সেপ্টেম্বর রাজশাহীর পরীক্ষার্থীরা নিবন্ধন করতে পারবেন। ঢাকা ও সিলেটে আগস্ট ২০১৬-এর আইইএলটিএস ইউকেভিআই পরীক্ষা অনুষ্ঠিত হবে ৪ এবং ২০ আগস্ট। সেপ্টেম্বর ২০১৬-এর আইইএলটিএস ইউকেভিআই পরীক্ষা অনুষ্ঠিত হবে ৩ এবং ২৪ সেপ্টেম্বর। ঢাকা এবং সিলেটে আইইএলটিএস লাইফ স্কিলের পরীক্ষার তারিখ আগামী ১১, ১৩, ১৪, ২৫ ও ২৮ আগস্ট। সেপ্টেম্বর ২০১৬-এর তারিখগুলো হচ্ছে ৮, ১১, ২২, ২৪ এবং ২৫ সেপ্টেম্বর।